



## বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

পরমাণু ভবন

ই/১২-এ, আগারগাঁও, শেরেবাংলানগর, ডাকবাক্স নং-১৫৮, ঢাকা-১২০৭

Fax : 880-2-8181842, Web : www.baec.org.bd

নং-৩৯.০১.০০০০.২২০.২৯.০০৭.১০- ২৬৪ (৪০)


তারিখ : ০৩/০৯/২০১৯ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে আয়োজিত কার্যক্রমের উপর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিতি প্রসঙ্গে।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন উপলক্ষে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়। উক্ত কার্যক্রমের অংশ হিসেবে সাভারস্থ এইআরই স্কুল এন্ড কলেজের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর জীবনীর উপর রচনা প্রতিযোগিতা এবং চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া বঙ্গবন্ধুর জীবনীর উপর নির্মিত সংশ্লিষ্ট ছবির সপ্তাহব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক গৃহীত উপরোক্ত কার্যক্রমের উপর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আগামী ০৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩.০০ টায় কমিশনের প্রধান কার্যালয়ের ড. আনোয়ার হোসেন অডিটরিয়ামে অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে এবং মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আনোয়ার হোসেন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

এমতাবস্থায়, কমিশনের প্রধান কার্যালয়ের ড. আনোয়ার হোসেন অডিটরিয়ামে আগামী ০৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ বৃহস্পতিবার আয়োজিত পুরস্কার বিতরণী অনুষ্ঠানে কমিশনের প্রধান কার্যালয়সহ সাভার ও ঢাকাস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউট সমূহের কর্মকর্তা/ কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

  
৬/৯/১৯  
(মোঃ হুমায়ুন কবির)  
পরিচালক  
প্রশাসন বিভাগ

বিতরণ :

কার্যার্থে :

১। সকল বিভাগীয় পরিচালক/ভারপ্রাপ্ত পরিচালকগণ----- বাপশক, ঢাকা।

২। মহাপরিচালক/পরিচালক/ভারপ্রাপ্তপরিচালকগণ-----ঢাকাস্থ সকল কেন্দ্র/প্রতিষ্ঠান/ইনস্টিটিউট সমূহ।

৩। পরিচালক, আইসিএস, এইআরই, সাভার, ঢাকা- ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ।

৪। সকল নোটিশ বোর্ড।

সদয়জ্ঞাতার্থে :

১। চেয়াম্যান, বাপশক, ঢাকা।

২। সদস্য (জীব বিজ্ঞান), বাপশক, ঢাকা।


৩। সদস্য (প্রকৌশল), বাপশক, ঢাকা।

৪। সদস্য (ভৌত বিজ্ঞান), বাপশক, ঢাকা।

৫। অর্থ উপদেষ্টা, বাপশক, ঢাকা।

৬। সচিব, বাপশক, ঢাকা।

HI SED  
ADIES

  
০৬.০৭.১৭